নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)
কাদিরাবাদ, দয়ারামপুর, নাটোর।

তারিখঃ ২৯ জুন ২০২৫

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ, দয়ারামপুর, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ এর ছাত্রী হলের(বনলতা হল) নিম্নে উল্লিখিত ৪র্থ শ্রেণীর কর্মচারী পদে সম্পূর্ণ অস্থায়ী চুক্তিভিত্তিক ০৬ মাসের জন্য নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	কর্মস্থল	ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	কিচেন হেলপার **(শুধুমাত্র মহিলা)**	০১ (এক)	বনলতা হল (ছাত্রী হল) BAUET, কাদিরাবাদ দয়ারামপুর, নাটোর।	ক। ৮ম শ্রেণী অথবা সমমান । খ। কুক হিসেবে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। গ। শারীরিকভাবে যোগ্য হতে হবে। ঘ। সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে শর্তসমূহ শিথিলযোগ্য।

দরখাস্তের নিয়মাবলীঃ

১। উপরোক্ত পদে আগ্রহী প্রার্থীদের এক কপি আবেদনপত্র জীবনবৃত্তান্তসহ ০২ জুলাই ২০২৫ তারিখের মধ্যে বরাবর, প্রভোস্ট, বনলতা হল, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ, দয়ারামপুর, বাগাতিপাড়া, নাটোর পাঠাতে হবে।

২। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত সনদ ও কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

ক। শিক্ষাগত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

খ। ০৩ (তিন) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি।

গ। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

ঘ। স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক/চারিত্রিক সনদপত্র।

ঙ। জন্ম সনদ সত্যায়িত ফটোকপি ।

৩। শুধুমাত্র প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার /মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে ।

৪। মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে এবং আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।

৫। নিয়োগ প্রক্রিয়ার কোন পর্যায়ে প্রার্থীর পক্ষে কোন প্রত্যক্ষ কিংবা পরোক্ষ সুপারিশ/তদবির করা হলে সংশ্লিষ্ট প্রার্থীকে সরাসরি অযোগ্য বলে বিবেচনা করা হবে।

৬। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। পদের সংখ্যা কম/বেশি হতে পারে।

29.06.25
প্রভোস্ট
বনলতা হল
BAUET, কাদিরাবাদ

বিতরণঃ
সকল নোটিশ বোর্ড
BAUET, ওয়েবসাইট

অবগতিঃ
মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)
ট্রেজারার
রেজিস্ট্রার